ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৭৯ ● কলকাতা ● ০৯ চৈত্র, ১৪৩১ ● রবিবার ● ২৩ মার্চ ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## লন্ডন থেকে মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ 'বাংলারই সাফল্য', মমতার বিলেত সফরে 'গর্বিত' রাজ্যপাল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

রবীন্দ্রনাথ ঠাকুরের ভূমি বাংলা। আর সেই বাংলার মুখ্যমন্ত্রীই আমন্ত্রিত দু'শো বছর ধরে পদানত করে রাখা ব্রিটিশদের দেশে। এ অতি বড় গর্বের কথা! এভাবেই মুখ্যমন্ত্রীর লন্ডন সফরকে ব্যাখ্যা করে গর্বিত রাজ্যপাল সিভি আনন্দ বোস। শনিবার বণিকসভার একটি অনুষ্ঠানে তিনি জানালেন, বাংলার যে কোনও ভালো ঘটনাই তাঁকে আনন্দিত করে তোলে।শনিবার সন্ধ্যার বিমানে মুখ্যমন্ত্রী রওনা হচ্ছেন লন্ডনে। দুবাই হয়ে টেমস নদীর তীরে পৌঁছবেন তিনি। আর তাঁর এই সফর অত্যন্ত গর্বের বলে মনে করছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এনিয়ে তাঁর মন্তব্য, ''মমতা বন্দ্যোপাধ্যায় তো রবীন্দ্রনাথ ঠাকুরের মাটিরই কন্যা। এটা অত্যন্ত গর্বের যে তাঁকে লন্ডন আমন্ত্রণ জানিয়েছেন। তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে ভাষণ দেবেন।" একাধিক ইস্যুতে নবান্ন-রাজভবন দ্বন্দ্বের পরিবেশ থাকলেও বিলেতের মাটিতে

এরপর ৩ পাতায়


## ঘরে ঢুকে আপনার মুখ ফাটিয়ে দেব', দিলীপকে পালটা হুঙ্কার তৃণমূলের অপরূপার



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**হুগলি:** খড়গপুরে মহিলাকে আক্রমণ করে প্রবল বিতর্কের মুখে দিলীপ ঘোষ। এবার প্রাক্তন বিজেপি সাংসদকে একহাত নিলেন আরামবাগের প্রাক্তন তৃণমূল সাংসদ অপরূপা পোদ্দার। বললেন, 'উনি মহিলাদের সম্পর্কে অশালীন মন্তব্য করলে, আমিও ওনার বাড়িতে ঢুকে মুখ ফাটিয়ে দিয়ে আসব।' আক্রমণ, পালটা আক্রমণকে কেন্দ্র করে তোলপাড় রাজ্য-

এরপর ৩ পৃষ্ঠায়






# বিদ্যুৎ বিভ্রাটের প্রতিবাদে পথ অবরোধ গ্রামবাসীদের, প্রশাসনের আশ্বাসে উঠলো পথ অবরোধ



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের একাধিক জায়গায় দীর্ঘদিন ধরে চরম বিদ্যুৎ সমস্যার সম্মুখীন হচ্ছে গ্রামবাসীরা। সামান্য বৃষ্টি হলেই বিদ্যুৎ চলে যায়, কখনও কখনও ২৪ ঘণ্টারও বেশি সময় ধরে বিদ্যুৎ থাকে না। অবশেষে ক্ষুব্ধ হয়ে শনিবার সকালে চৈনিশোল বাসস্ট্যান্ডে রাজ্য সড়ক অবরোধ করল চৈনিশোল, পাঁচরুখি, আমদাপাল, বড় আসনবনী, রামচন্দ্রপুর, গোয়ালমারা সহ প্রায় ১০-১৫টি গ্রামের বাসিন্দারা। এলাকার বাসিন্দাদের অভিযোগ, সামান্য বৃষ্টি হলেই বিদ্যুৎ পরিষেবা বিচ্ছিন্ন হয়ে যায়। কখনও এক-দুই ঘণ্টা, কখনও আবার পুরো রাত জুড়ে বিদ্যুৎ থাকে না। বিশেষ করে বর্ষাকালে সমস্যাটি আরও প্রকট হয়ে ওঠে। এই পরিস্থিতিতে শিশু, বৃদ্ধ ও অসুস্থদের চরম দুর্ভোগ পোহাতে হয়। স্থানীয়দের বক্তব্য, "বাড়িতে ছোট বাচ্চা ও বৃদ্ধ সদস্যরা আছেন, গরমের মধ্যে এতক্ষণ বিদ্যুৎ না থাকলে দম বন্ধ হয়ে আসে। শুধু তাই নয়, বিদ্যুৎ না থাকলে পানীয় জলের সমস্যাও দেখা দেয়, কারণ বৈদ্যুতিক মোটর বন্ধ থাকায় টিউবওয়েল বা সাবমারসিবল পাম্প কাজ করে না।"এই সমস্যার কথা একাধিকবার বিদ্যুৎ দপ্তরে জানানো হলেও এখনও পর্যন্ত কোনো স্থায়ী সমাধান করা হয়নি বলে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। তাই শনিবার সকালে ধৈর্যের বাঁধ ভেঙে যায় গ্রামবাসীদের। বিদ্যুৎ সমস্যার স্থায়ী সমাধানের দাবিতে তাঁরা চৈনিশোল বাসস্ট্যান্ডে পথ অবরোধ করেন। রাজ্য সড়কে যান চলাচল ব্যাহত হয়। এই পথ অবরোধের ফলে আশেপাশের বিভিন্ন এলাকা থেকে আসা যানবাহন থমকে যায়, যাত্রীরা সমস্যায় পড়েন। খবর পেয়ে বেলিয়াবেড়া থানার ওসি সুদীপ পালোধী ঘটনাস্থলে আসেন এবং গ্রামবাসীদের সঙ্গে কথা বলেন। প্রশাসনের তরফ থেকে দ্রুত ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেওয়া হয়। তাঁর আশ্বাসে শেষ পর্যন্ত স্থানীয়রা পথ অবরোধ তুলে নেন।এলাকার মানুষের দাবি, বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখতে প্রশাসনকে কঠোর ব্যবস্থা নিতে হবে। দুর্বল ট্রান্সফরমার, পুরনো বৈদ্যুতিক তার ও অপর্যাপ্ত সাবস্টেশন এই সমস্যার মূল কারণ বলে মনে করছেন অনেকেই। শুধু বিদ্যুৎ বিভ্রাট নয়, ঝড়-বৃষ্টির সময় ইলেকট্রিক খুঁটি ও তার ছিঁড়ে পড়ার ঘটনাও বারবার ঘটছে। সাধারণ মানুষ চান, প্রতিবার আশ্বাস নয়, এবার যেন বাস্তবিক পদক্ষেপ নেওয়া হয়। সমস্যার স্থায়ী সমাধান ছাড়া এই ধরণের আন্দোলন যে আরও ঘটবে, তা আগেভাগেই বুঝে নেওয়া উচিত প্রশাসনের। বিদ্যুৎ হল মৌলিক পরিষেবা, আর সেটি নিয়ে দীর্ঘদিন ধরে সাধারণ মানুষকে ভুগতে হলে, তার বিরুদ্ধে প্রতিবাদ হবেই।

# ফের জঙ্গল থেকে উদ্ধার অজ্ঞাত পরিচয় মহিলার পচাগলা দেহ

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

ফের দেহ উদ্ধারের ঘটনা। এবার ঝাড়গ্রামের গোপীবল্লভপুর থানা এলাকায় বাংলা ও উড়িষ্যার সীমান্ত লাগোয়া হাতিমাড়ার জঙ্গল থেকে অজ্ঞাত পরিচিত এক মহিলার মৃতদেহ উদ্ধার করা হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকাজুড়ে চাঞ্চল্য ছড়িয়েছে।শনিবার সকালে গোপীবল্লভপুর থানা এলাকার হাতিমাড়ার জঙ্গল থেকে অজ্ঞাত পরিচয়ের এক মহিলার মৃতদেহ উদ্ধার করে শনিবার মৃতদেহ ময়নাতদন্তের জন্য ঝাড়গ্রাম জেলা হাসপাতালের মর্গে নিয়ে যাওয়া হয়েছে। দেহ দেখার পরেই খবর দেওয়া হয় গোপীবল্লভপুর থানার। পুলিশ এসে দেহ উদ্ধার করা করে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, এলাকার বাসিন্দারা

এরপর ৬ পাতায়

# শহর কলকাতার 'ট্রাম উৎসবে' সুন্দরবন বাঁচানোর বার্তা!

**নুরসেলিম লস্কর, বাসন্তী**

প্রতি বছরের ন্যায় এবছরেও শহর কলকাতায় অনুষ্ঠিত হতে চলেছে 'ট্রাম উৎসব'। আগামী ২৮ শে মার্চ থেকে ৩১ শে মার্চ পর্যন্ত চলবে এই উৎসব। উৎসবের দিন গুলি তে সকাল ১০:৩০ থেকে বিকাল ৫:৩০ পর্যন্ত গড়িয়াহাট,এসপ্ল্যানেট, শ্যামবাজার রুটে বিশেষ এক ট্রামে বিনা মূল্যে ভ্রমণ করতে পারবেন শহর কলকাতার মানুষজন। শহর গুলি থেকে যখন দিনে দিনে উঠে যাচ্ছে ঐতিহ্যবাহী এই গাড়িটি ঠিক সেই মুহূর্তে ট্রাম বাঁচানোর লক্ষ্যে এবছরেও শহরে চলে এসেছেন অস্ট্রেলিয়ার মেলবোর্নের প্রাক্তন ট্রাম কন্ডাক্টর রবার্ত ডি আন্দ্রেয়া। তবে, এবারে আর তিনি একা আসেননি তাঁর সঙ্গে এসেছেন আরও চারজন অজি



পরিবেশবিদ। তাদের দাবি, গরম না পড়তে পড়তে ক্রমশঃ শুকিয়ে যাচ্ছে বিভিন্ন খাল, বিল, নদী, নালা! সেই সঙ্গে ক্রমে ক্রমে বিপন্ন হয়ে পড়ছে পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি বিশ্ব বিখ্যাত 'সুন্দরবনের' স্বাস্থ! আর ধীরে ধীরে সমগ্র বিশ্ব কে গ্রাস করে নেওয়া বিশ্ব উষ্ণাণের এই করাল থাবা থেকে বিশ্ব কে বাঁচাতে এখন থেকেই পরিবেশরক্ষাই একমাত্র দাওয়াই বলছেন তাঁরা! তাই তো সমগ্র বিশ্বের বড়ো বড়ো শহর গুলিতে পেট্রল - ডিজেলের দূষিত ধোঁয়া থেকে মুক্তি পেতে গ্রিন গাড়ি গুলির উপরে জোর দেওয়া হচ্ছে। সেই মতো শহর কলকাতার দূষণহীন যান হিসাবে ট্রামের

এরপর ৫ পাতায়







(১ম পাতার পর)

# ঘরে ঢুকে আপনার মুখ ফাটিয়ে দেব', দিলীপকে পালটা হুঙ্কার তৃণমূলের অপরূপার

রাজনীতি।এবার দিলীপ ঘোষকে একহাত নিলেন আরামবাগের প্রাক্তন তৃণমূল সাংসদ অপরূপা পোদ্দার। বললেন, "দিলীপ ঘোষ বরাবরই মহিলাদের অপমান করেন, এটাই ওনার শিক্ষা।" এরপরই হুঙ্কার ছেড়ে তিনি বলেন, "মহিলাদের সম্পর্কে যদি উনি অশালীন মন্তব্য করতে পারেন তাহলে আমিও ওনার ঘরে ঢুকে মুখ ফাটিয়ে দেব।"শুক্রবার খড়্গপুর পুরসভার ৬ নম্বর ওয়ার্ডে রাস্তা উদ্বোধনে গিয়ে মহিলার প্রশ্নে মেজাজ হারান দিলীপ ঘোষ। ওই মহিলার অভিযোগ, তাঁকে 'বাপ তুলে' কটাক্ষ করেন প্রাক্তন বিজেপি সাংসদ। প্রতিবাদে গাড়ির সামনে বসে বিক্ষোভ দেখান স্থানীয় মহিলা। শনিবারও নিজের মন্তব্যে অনড় দিলীপ। বলেন, "যা বলেছি, ঠিক বলেছি। কোনটা কুকথা, কোনটা সুকথা সেটা তৃণমূলকে বুঝিয়ে দেব। হেডলাইন করুন, এরপর ওরা বাড়াবাড়ি করলে হয় বাড়ি থেকে বের করে মারব নাহলে চৌরাস্তায় দাঁড় করিয়ে মারব।" এই ঘটনাকে কেন্দ্র করে শনিবার রীতিমতো উত্তপ্ত হয়ে ওঠে খড়্গপুর। দিলীপ ঘোষের বাড়ির সামনে চলে বিক্ষোভ।

(১ম পাতার পর)

# লন্ডন থেকে মুখ্যমন্ত্রীকে আমন্ত্রণ 'বাংলারই সাফল্য', মমতার বিলেত সফরে 'গর্বিত' রাজ্যপাল

বাংলার প্রশাসনিক প্রধানের সফর যে বাংলাকেই আরও গর্বিত করবে, সে বিষয়ে কোনও দ্বন্দ্ব নেই রাজ্যপালের। তাঁর বার্তায় সেটাই স্পষ্ট করলেন আনন্দ বোস।অতিথি হিসেবে মুখ্যমন্ত্রী লন্ডনের বিশ্ববিদ্যালয়ে বক্তব্য রাখতে সেখানে যাচ্ছেন, তাতে তিনি দারুণ গর্বিত। এই সম্মান আসলে বাংলার সাফল্য বলে মনে করছেন সিভি আনন্দ বোস।আর তাঁর এই বক্তব্যে আরও স্পষ্ট, অতীতের সমস্ত তিক্ততা ভুলে রাজ্যের উন্নয়নের ইস্যুতে প্রশাসনের পাশে থেকেই কাজে আগ্রহী রাজভবন।

অক্সফোর্ড-সহ লন্ডনের তিনটি কলেজ ও বিশ্ববিদ্যালয় থেকে আমন্ত্রণ জানানো হয়েছে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। দীর্ঘ রাজনৈতিক জীবনে তাঁর লড়াইয়ের গল্প শুনতে আগ্রহী পড়ুয়ারা। এছাড়া ভারতের একমাত্র মহিলা মুখ্যমন্ত্রী হিসেবে নারীর ক্ষমতায়নে তাঁর একাধিক প্রকল্প আন্তর্জাতিক স্তরে প্রশংসিত। শিল্পক্ষেত্রে রাজ্য সরকার একাধিক সংস্কারমূলক পদক্ষেপ নিয়েছে। আর তাতে প্রভূত উন্নয়ন হয়েছে এরাজ্যের। কোন মন্ত্রবলে এমনটা ঘটল? তা জানতে চান বিলেতের প্রতিনিধিরা। সরকারের তরফে নাগরিক পরিষেবা একেবারে তৃণমূল স্তরে পৌঁছে দিয়ে যে আমূল বদল ঘটিয়েছে মমতা বন্দ্যোপাধ্যায় সরকার, সেসব বিষয়েও আগ্রহী তাঁরা। আর তাই এবার ব্রিটেনে অতিথি বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

# লন্ডন সফরের আগে সাংবাদিকদের মুখোমুখি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

**বেবি চক্রবর্তী: কলকাতা**

নতুন সূচি অনুযায়ী শনিবার রাত প্রায় সাড়ে ৮টার বিমানে মমতা বন্দ্যোপাধ্যায় লন্ডন রওনা হচ্ছেন। ঠিক সন্ধ্যা সাড়ে ৬ টা নাগাদ তিনি দমদম বিমানবন্দরে পৌঁছে যান।বিমানবন্দরের ভিতরে প্রবেশের আগে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যবাসীর উদ্দেশে অভয়বার্তা দিলেন মুখ্যমন্ত্রী। বললেন,আমরা ৪-৫ দিনের জন্য থাকছি না। তবে এখানকার সঙ্গে সবসময়ে যোগাযোগ থাকবে। কারও কোনও অসুবিধা হলে



আমরা দেখে নেব। আপনারা সবাই সুস্থ থাকবেন, শান্তিতে থাকবেন। কথা ছিল, শনিবার

এরপর ৪ পাতায়

# মুখ্যমন্ত্রীর নামে 'সর্বাধিনায়িকা জয় হে' পোস্টার, দক্ষিণ কলকাতা জুড়ে




**বেবি চক্রবর্তী: কলকাতা**

শনিবার একসপ্তাহের জন্য বিদেশ সফরে গেলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর আগে সমর্থকদের পক্ষ থেকে এই বার্তা দেওয়া হল। উৎসাহ তুলে দেওয়ার জন্য। তৃণমূল কংগ্রেসে অভিষেক অধিনায়ক হলেও সবার উপরে আছেন মমতা বন্দ্যোপাধ্যায়ই। তাই তিনি সর্বাধিনায়ক। প্রথমে পড়ল 'অধিনায়ক অভিষেক' পোস্টার দক্ষিণ কলকাতা জুড়ে।সেটা দেখা গিয়েছিল শুক্রবার সকালে। উজ্জ্বল হলুদ পতাকায় নীল কালিতে বাংলায় লেখা ছিল। যাদবপুর থেকে শুরু করে দক্ষিণ কলকাতা জুড়ে তা দেখা গিয়েছিল।মধ্যরাতে পাল্টে গেল পোস্টার। সামনে এল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ছবি সম্বলিত পোস্টার। যেখানে লেখা, 'সবার্ধিনায়িকা জয় হে'। এই ছবি গোটা শহরের নানা প্রান্তে এখন দেখা যাচ্ছে। আর তা এখন সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে।যেখানে যেখানে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পোস্টার আছে ঠিক তার পাশেই লাগানো হয়েছে তৃণমূল সুপ্রিমোর পোস্টার। কিন্তু হঠাৎ এমন কেন করা হল? সূত্রের খবর, বাংলার মুখ্যমন্ত্রী লন্ডন সফরে যাচ্ছেন। তাই অভিষেক বন্দ্যোপাধ্যায়কে সবটা দেখতে বলে গিয়েছেন তিনি। তাই পড়েছিল 'অধিনায়ক অভিষেক' পোস্টার। আর একবছর পর ২০২৬ সালের বিধানসভা নির্বাচন। তাতে মুখ সেই মমতা বন্দ্যোপাধ্যায়ই। অর্থাৎ মমতা-অভিষেকের নেতৃত্বেই লড়াই হবে। তাই এবার তৃণমূলনেত্রীর পোস্টার পড়ল শহরে। এই বিষয়ে তৃণমূল কংগ্রেসের আইটি সেলের প্রধান দেবাংশু ভট্টাচার্য বলেন, 'সোশ্যাল মিডিয়ায় তৃণমূল কংগ্রেসের যতগুলি সমর্থক গ্রুপ রয়েছে তার মধ্যে অন্যতম ফ্যাম। অধিনায়ক অভিষেক ওদেরই সংগঠনেরই একটি শাখা। তাই এই পতাকা দেওয়া হয়েছে।

## সম্পাদকীয়

# ফের সিভিক দৌরাত্ম্য!

বারাসতের কলোনি মোড়ের কাছে টাকা তুলছে সিভিক ভলান্টিয়ার! একে একে আসছে লরি। হাত পেতে টাকা নিচ্ছে সিভিক ভলান্টিয়ার। ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে ভিডিয়ো। তাকে কেন্দ্র করেই শুরু হয়ে গিয়েছে শোরগোল। চাপানউতোর রাজনৈতিক মহলেও। তবে শুধু বারসত নয়, সিভিক ভলান্টিয়ারের দাদাগিরির অভিযোগ পানিহাটিতে।মহিলারা বলছেন, সন্তুর দাপটে এলাকায় রীতিমতো আতঙ্ক তৈরি হয়েছে। অভিযোগ, কারও কাছ থেকে এক লক্ষ টাকা, কারও কাছ থেকে দু লক্ষ টাকা, কারও কাছ থেকে আবার দেড় লক্ষ টাকা ধার করেছিলেন। মহিলাদের দাবি, তাঁদের কাছ থেকে মোট ৩০ লক্ষ টাকা তোলা হয়েছিল। তা চাইতে গেলে তাঁদের উপর পুলিশের লাঠি নিয়ে চড়াও হয়। আর এক অভিযোগকারিনী বলছেন, "আমরা শুধু টাকা চাইতে গিয়েছিলাম। আমাদের সবার থেকে মোট ৩০ লক্ষ টাকা নিয়েছিল। কিন্তু, টাকা চাইতে গিয়ে মার খেতে হয়। মোট ৬ জনকে মেরেছে। লাঠিচার্জ করে হাসপাতালে পাঠিয়ে দিয়েছে।" অভিযুক্তের বিরুদ্ধে ইতিমধ্যেই খড়দহ থানা ও ব্যারাকপুর পুলিশ কমিশনারের কাছে অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগ পাওয়ার পরেই শুক্রবার রাতে সন্তু দেবনাথকে গ্রেফতার করে খড়দহ থানার পুলিশ।ধারের টাকা চাইতে গেলে কর্তব্যরত অবস্থায় মহিলাদের মারধরের অভিযোগ। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা এলাকায়।

অভিযোগ, একাধিক মহিলার থেকে থেকে লক্ষাধিক টাকা ধার নিয়েছিলেন সিভিক ভলান্টিয়ার সন্তু দেবনাথ। কিন্তু, দীর্ঘদিন থেকেই সেই টাকা শোধ করছিলেন না সন্তু। বাড়িতে টাকা চাইতে গেলে প্রথমে সিভিক ভলান্টিয়ারের স্ত্রী, পরে ওই সিভিক ভলান্টিয়ার মত্ত অবস্থায় ওই মহিলাদের উপর চড়াও হন বলে অভিযোগ। আক্রান্ত এক মহিলা বলছেন, "টাকা চাইতে গেলে আমাকে হুমকি দিয়েছে। বাচ্চাকে তুলে নেওয়ার কথা বলেছে। বাজে বাজে কথা বলেছে। দরজার পিছন থেকে ওর শাশুড়ি আমাকে বটি নিয়ে রীতিমতো কোপাতে আসে। ওই সিভিক ভলান্টিয়ার আমাকে শেষে এমনভাবে মারে যে আমি স্পটেই অজ্ঞান হয়ে যাই।"

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



কুড়ি বছর সাংবাদিকতার জীবনে সবচেয়ে বেশি আমি অত্যাচারিত বা অবহেলিত, যত অত্যাচার অবহেলা করেছে ততই আমি ঈশ্বরের প্রতি ভরসা ও বিশ্বাস রেখে মায়ের শক্তিকে উপলব্ধি করে নিজের মতন করে এগিয়ে চলেছি । আজও আমার মানসিকতাকে শেষ করতে পারিনি অশোদা শক্তি গুলো, আমার কলমকে নির্বাক করে দিতে পারিনি। তবে আমার কলমটাকে মা একটু অন্যরূপেই অন্যভাবে চালনা শক্তি দিয়েছে, আজ তার সৃষ্টি এই মাতৃ শক্তি বইটি। তবে যাক সে কথা, যে শক্তিকে আমি বিশ্বাস করি, ভরসা করি ,সে কথাই তুলে ধরি এই লেখার মাধ্যমে। এটা সবকিছু

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## লন্ডন সফরের আগে সাংবাদিকদের মুখোমুখি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

সকালের বিমানে দুবাই হয়ে লন্ডন যাবেন মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর টিম। কিন্তু শুক্রবার সকালে লন্ডনের হিথরো বিমানবন্দরের কাছে একটি বিদ্যুৎ কেন্দ্রে অগ্নিকাণ্ডের জেরে বিমানবন্দর বন্ধ করে দেওয়া হয়। উড়ান ওঠানামা বাতিল হয়ে যায়। ফলে মুখ্যমন্ত্রীর বিমানও ওইদিনের মতো বাতিল করে দেওয়া হয়। পিছিয়ে যায় তাঁর লন্ডন সফর। তবে হিথরোর পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে। তাই শনিবার সকালের বদলে রাতের বিমানে রওনা দিলেন মুখ্যমন্ত্রী। সঙ্গে মুখ্যসচিব ও বেশ কয়েকজন সদস্য।তাঁর অনুপস্থিতিতে কীভাবে প্রশাসনিক কাজকর্ম হবে, তার জন্য আগেই ৫ সদস্যের টাস্ক ফোর্স গড়ে দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। তবে জানিয়েছিলেন, তিনি নিজেও যোগাযোগ রাখবেন। কোনও অসুবিধা হলে আলোচনা করে সমাধান করবেন। শনিবারও মমতা বন্দ্যোপাধ্যায় বিমানবন্দরে দাঁড়িয়ে সেকথাই বলে গেলেন। বললেন,যোগাযোগ থাকবে, সমস্যা হলে আমরা দেখে নেব।সফর পিছিয়ে যাওয়ায় তা যে বেশ ক্লান্তিকর হতে চলেছে, তাও জানালেন মুখ্যমন্ত্রী। বললেন, আমাদের রাতের বিমান। দুবাইয়ে পৌঁছব মাঝরাতে। তারপর আবার লন্ডনের ফ্লাইট। যাতায়াতে দু'দিন মতো সময় লেগে যায়। সরাসরি বিমান পরিষেবা না থাকায় এতটা সময় লাগে। আমাদের এই সফরটা বেশ হেকটিক হয়ে যাবে। তবে ঠিক আছে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কিন্তু বাস্তবে তা নয়, স্বভাবে শনিদেব গম্ভীর, কঠোর তপস্বী, কূটনীতিজ্ঞ, অত্যন্ত নিষ্ঠা ও ন্যায়প্রিয়, দয়ালু, কৃপালু ও অতি শীঘ্র প্রসন্ন হওয়া দেবতা। পূর্বজন্ম কিংবা বর্তমান জন্মের কর্মানুসারে তিনি ভালো বা মন্দ ফল প্রদান করে থাকেন।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(২ পাতার পর)

# শহর কলকাতার 'ট্রাম উৎসবে' সুন্দরবন বাঁচানোর বার্তা!

গুরুত্ব কে স্মরণ করিয়ে দিচ্ছেন পরিবেশপ্রেমীরা।

আর তাই তিলোত্তমার এই ট্রাম উৎসবের মূল উদ্যক্তা রবার্ত ডি আন্দ্রেয়া মেলবোর্ন থেকে কলকাতায় পৌঁছেই ট্রাম উৎসব নিয়ে সাংবাদিকদের নানান প্রশ্নের উত্তর দিতে গিয়ে জানালেন, "আজকের দিনে ডি-কার্বোনাইজিং ট্রান্সপোর্ট হিসেবে গ্লোবাল ওয়ার্নিংয়ের বিরুদ্ধে বড় হাতিয়ার এই ট্রাম। তিনি আরও বলেন, ‘বিশ্বের সব সিটি লাইট রেল হিসেবে ট্রাম ফিরিয়ে আনছে। এর লক্ষ্যই হচ্ছে, ভিড় কমানো, দূষণমুক্তি ও কার্বন নিঃসরণ নিয়ন্ত্রণ।’ সেই সঙ্গে তিনি বলেন, আমাদের এই ট্রাম যাত্রার মাধ্যমে বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি সুন্দরবন রক্ষার বার্তাও দেওয়া হবে। রবার্তোর কথায়, সুন্দরবনের সঙ্গে কলকাতা নগরীর স্বাস্থের যোগ রয়েছে। ফলে কলকাতাকে বাঁচাতে গেলে সুন্দরবনকে রক্ষা করা আগে দরকার। সেই জায়গা থেকেও ট্রামের ভূমিকা রয়ে গিয়েছে বলে জানিয়েছেন তিনি"।

প্রসঙ্গত,গত কয়েক বছরে সুন্দরবনের উপরে আঘাত হানতে দেখা গিয়েছে, আয়লা, বুলবুল থেকে শুরু করে ইয়াস ও ডানার মতো শক্তি শালি সুপার সাইক্লোন কে। যার কবলে পড়ে বার বার দিশে হারা হয়ে পড়তে দেখা গিয়েছিল নুন আনতে পান্তা ফুরানো সুন্দরী সুন্দরবনের বাসিন্দাদের। কোথায় নদীর বাঁধ ভেঙে নোনা জলে প্লাবিত হয়েছে গ্রামের পর গ্রাম তো কোথাও আবার অস্ত খুঁজে পাওয়া যায়নি একটাও কাঁচা মাটির তৈরী বাড়ি ঘর কে। তবে,এই সুপার সাইক্লোন গুলি কেবল সুন্দরবনের উপরে আঘাত হেনে ক্ষান্ত হয়নি! এই সাইক্লোন গুলির প্রভাব এসে পড়েছিল শহর কলকাতায়ও। যার ফলে কোথাও একের পর এক বড়ো বড়ো গাছ উপরে পড়ে স্তব্ধ করে দিয়েছিলো ব্যাস্ত কলকাতা কে। শুধু তাই নয় সমগ্র কলকাতা কে অন্ধকার করে দিয়েছিলো এই সুপার সাইক্লোন গুলি। কোথাও কোথাও তো আবার আলো ফিরিয়ে আনতে প্রায় সাত-আট দিন সময়ও লেগে গিয়েছিলো। সঙ্গে বহুতল গুলির একাধিক বাড়ির কাঁচ গুলি কে শুকনো পাতার মতো ঝরে রাস্তায় পড়তে ও দেখা গিয়েছিল সেই দিন গুলিতে। কিন্তু গত দিন গুলিতে সুন্দরবনবাসীদের ও কলকাতা কে রক্ষা করেছিল সুন্দরবনের বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি! কিন্তু সেই সুন্দরবনের ম্যানগ্রোভ অরণ্যে এখন ছড়িয়েছে বিভিন্ন অসুখ। একটি অসুখ পুরোপুরি প্রাকৃতিক। অন্যটি মানুষের তৈরি। বিশ্ব উষ্ণায়নের জন্য সমুদ্রের জলের তাপমাত্রা বাড়ছে। তাতে উঁচু হচ্ছে ঢেউ। জলোচ্ছ্বাসে প্লাবিত হচ্ছে নতুন নতুন এলাকা। সেই ঢেউ এসে পড়েছে সুন্দরবনেও। গত ১০-১৫ বছরে ঘোড়ামাড়া দ্বীপ পুরোপুরি চলে গিয়েছে সমুদ্রবক্ষে। জম্বুদ্বীপের বড় এলাকা বিলীন। ওই দুই দ্বীপের ম্যানগ্রোভ জঙ্গল পুরোপুরি বিনষ্ট। তাই ওই এলাকা দিয়ে জোরালো বাতাস চলে আসছে দক্ষিণ ও উত্তর ২৪ পরগনার লোকালয় ছাড়িয়ে কলকাতার দিকে। আম্ফান তার প্রমাণ। আর এ সব জানা সত্ত্বেও ম্যানগ্রোভের জঙ্গল কেটে তৈরী হচ্ছে মাছের ভেড়ি তো কোথাও আবার গজিয়ে উঠছে বেআইনি নির্মাণ। আর এই কাজ গুলি এখন রমরমিয়ে চলছে নদী সংলগ্ন কিছু অংশে। সুন্দরবনের গভীরতম এলাকার সুন্দরীর গাছের আকৃতি দেখলেই পরিষ্কার যে, গাছের ঘনত্ব কী বিপজ্জনক ভাবে কমছে। উপগ্রহে চিত্রে সুন্দরবনের মাঝখানটা দেখলে মনে হবে টাক পড়ে গিয়েছে। আসলে মাটিতে অত্যাধিক নুনের উপস্থিতি সুন্দরী গাছের অভিযোজনগত পরিবর্তন ঘটিয়েছে। গাছগুলি বেঁটে হয়ে গিয়েছে। ঝাঁকড়া হচ্ছে না। ঠেসমূলের বুনোটও জমাট হচ্ছে না। ঝড়ে পড়ে যাওয়ার আশঙ্কা তৈরি হচ্ছে। ম্যানগ্রোভের এই অভিযোজন এবং ব্যাপক হারে ম্যানগ্রোভ ধ্বংস হওয়ায় সুন্দরবনের বাস্তুতন্ত্র বদলে যেতে বসেছে। খাদ্য-খাদক সকলেরই বিপদ ঘনিয়ে আসছে। সঙ্কটে রয়্যাল বেঙ্গল টাইগারও। মে মাসের আম্ফান দেখিয়ে দিয়েছে, শুধু সুন্দরবনের জীববৈচিত্র্য নয়, ম্যানগ্রোভ ধ্বংসের দাম চুকোতে হচ্ছে কলকাতাকেও। এখনও সতর্ক না হলে, সুন্দরবনের বাস্তুতন্ত্র রক্ষা করতে না পারলে, ম্যানগ্রোভ ধ্বংস আটকাতে না পারলে একদিন অম্ফানের থেকেও শক্তিশালী কোনও ঝড় ধ্বংস করে দিতে পারে পৃথিবী বিখ্যাত সুন্দরবন সহ সাধের কলকাতাকেও। যার ফলে ধ্বংস হওয়া ইউরোপীয় শহর পম্পেইয়ের পাশে লেখা হতে পারে কলকাতার নাম।

আর তাই পরিবেশবিদদের এই আশঙ্কাকে মাথায় রেখে এই ট্রাম উৎসব পরিবেশবিদদের সঙ্গে নিয়ে রবার্তোরা সুন্দরবনের ম্যানগ্রোভের পরিস্থিতির পর্যবেক্ষণ করবেন। সেই সঙ্গে এ বিষয়ে ৩১ মার্চ বিকেল সাড়ে চারটেয় সুন্দরবন ও কলকাতার জলবায়ু সঙ্কট নিয়ে সেমিনারের আয়োজন করা হয়েছে আইসিসিআর রবীন্দ্রনাথ টেগোর সেন্টার সত্যজিৎ রায় অডিটোরিয়ামে। এসপ্ল্যানেড ট্রাম টার্মিনাসে ওই চার দিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানেও উঠে আসবে সুন্দরবন প্রসঙ্গ। সেখানে তৈরি করা হবে নৌকোর আদলে মণ্ডপ। সুন্দরবনের পরিবেশের বিভিন্ন ধ্বনি নিয়ে হবে একটি বিশেষ অনুষ্ঠান। এখন দেখার এতো কিছুর পরেও সরকারের টনক নড়ে কিনা? বন্ধ করা হয় কিনা অবাধে ম্যানগ্রোভ নিধন যোগ্য!



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# রামনবমী মিছিলে রাস্তায় এক কোটি মানুষ নামবে প্রশাসনের অনুমতি লাগবে না। উস্কার দিলেন শুভেন্দু

বেবি চক্রবর্তী :কলকাতা

রাম নবমী উদযাপনে কোনও বাধা নেই। পশ্চিমবঙ্গ এমন একটি রাজ্য, যেখানে সব ধর্মের মানুষ বাস করেন এবং তাঁরা নিজ নিজ ধর্ম পালন করেন বাধাহীন ভাবে। সুতরাং রামনবমী উদযাপনেও কোনও বাধা নেই- যদিও রাজ্যের পুজো পার্বণের ইতিহাস ঘাঁটলে দেখা যায়, রামনবমী এখানে কখনও এমন ঘটা করে পালিত হয়নি। গত দুই-তিন বছর হল ভারতীয় জনতা পার্টি (বিজেপি) রামনবমী খুব উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালনের ডাক দিয়ে আসছে। এবারও সেই ডাক বিরোধী দলের নেতার কণ্ঠে। সেই



সঙ্গে হিন্দুত্ববাদের কথাও।

বিরোধী নেতার রামনবমী উদযাপনের ঘোষণায় দু'টি বিষয় নিয়ে আপত্তি রয়েছে। প্রথমত, তিনি উগ্র হিনদুত্বের নজির হিসেবে এক কোটি হিন্দুকে ওইদিন রাস্তায় নামার নির্দেশ দিলেন, দ্বিতীয়ত তিনি জানালেন, প্রশাসনের কোনও অনুমতির প্রয়োজন পড়বে না। আইনশৃঙ্খলা রক্ষা প্রশাসনের কাজ, সুতরাং এক কোটি হিন্দু যদি রাস্তায় নামে, তাহলে সাধারণ মানুষের চলাফেরা, যানবাহন সমস্যার বিঘ্ন ঘটতে পারে। সুতরাং প্রশাসনের অনুমতির প্রয়োজন পড়তেই পারে। কারণ, রামনবমী উদযাপনকে কেন্দ্র করে, কোনও আইনশৃঙ্খলার সমস্যা হোক তা সরকার কখনও মেনে নেবে না।

বিরোধী নেতা বলেছেন, রামনবমীর দিন এক কোটি হিন্দু 'জয় শ্রীরাম ধ্বনি' সহযোগে রাস্তায় নামবে। এক কোটি কেন দুই-তিন কোটি মানুষ, বিরোধী নেতার কথায় রাস্তায় নামতে পারে, তা নিয়ে কোনও আপত্তি নেই। কিন্তু ওই রামনবমী উদযাপনে যাঁরা রাস্তায় নামবেন, তাঁরা যদি শান্তিশৃঙ্খলা বজায় রেখে কারওর কোনও অসুবিধে সৃষ্টি না করে উৎসব পালন করে, তাহলে প্রশাসন বা সাধারণ মানুষেরও কোনও আপত্তি থাকার কথা নয়।

# পাট রোপনে উৎসাহ বাড়ছে চাষিদের

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

রাজা পাট চাষ করে একর প্রতি অতিরিক্ত ১০ হাজার টাকা লাভের মুখ দেখছেন চাষিরা। লম্বায় সাধারণ পাটের চেয়ে অন্তত দু-ফুট বড় এবং আরও উন্নতমানের তন্তুর রাজা পাট নিয়ে গান বেঁধেছেন মাটির সংস্পর্শে থাকা শিল্পীরা। রাজ্যের বিভিন্ন জেলায় অভাবনীয় সাফল্যে খুশি এই পাটবীজের উদ্ভাবক সংস্থা নুজিভীড়ু সিডস। এই সাফল্য তুলে ধরতে এ রাজ্যের নদিয়া, মুর্শিদাবাদ, মালদহ এবং উত্তর ২৪ পরগনাতে রাজা পাটের উপর 'সেলিব্রিটি মেগা ফিল্ড ডে' অনুষ্ঠান শুরু হল। নদিয়ার পাথরঘাটা ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বালিউড়া গ্রামে এক অনুষ্ঠানে রাজা পাট নিয়ে গান গেয়ে শোনান সারেগামাপা খ্যাত শিল্পী দীপায়ন ব্যানার্জি। চাষিদের রাজা পাট বীজ NJ 7005 ব্যবহার ও সাফল্য গানে ও কথার মাধ্যমে তুলে ধরেন তিনি।

রাজা পাটের বীজ উৎপাদনকারী সংস্থা নুজিভীড়ু সিডস জানিয়েছে, এই পাট একর প্রতি অতিরিক্ত ১০ হাজার টাকা লাভের সুযোগ করে দিচ্ছে কৃষকদের। এটা সম্ভব হয়েছে রাজা পাটের লম্বা আঁশ এবং অন্যান্য প্রজাতির চেয়ে এর একর প্রতি ন্যূনতম বাড়তি ২ কুইন্টাল উৎপাদন বেশি হওয়ার ফলে। তাদের দাবি, ২০২০ সালে, এন জে-৭০০৫ রাজা পাটের এই নতুন প্রজাতি নুজিভীড়ু সীডস এর গবেষণা বিভাগের প্রধান বিজ্ঞানী ডঃ মোহাম্মদ মসিউর রহমান কতৃক উদ্ভাবিত। তার পর থেকে পাট চাষের দুনিয়া অনেকটা বদলে গেছে। এই চাষে খরচ অন্যান্য পাটের প্রজাতির তুলনায় কম, সঙ্গে পাওয়া যায় উচ্চ ফলন, আরও ভালো গুণমানের তন্তু ও আগের চেয়ে বেশি লাভের সুযোগ। অন্যান্য প্রজাতির তুলনায় এই পাট দু ফুট বেশি লম্বা, অর্থাৎ বেশি ফলন, মোটা ছাল যা ফলন এবং তন্তুর গুণমান বাড়িয়েছে। ছাল মোটা হওয়ায় তন্তুর মানও অনেক উন্নত। তাই ফলনের সঙ্গে মান বেশি হওয়ায় দামও বেশি পাচ্ছেন চাষিরা। ভারতে মূলত যে ধরনের পাট চাষ হয় তার আঁশ বাংলাদেশের পাটের আঁশের চেয়ে ছোট হওয়ায় শিল্পক্ষেত্রে সমস্যা হয়ই। এখন সেই সমস্যার সমাধান হবে এনজে ৭০০৫ রাজা জুট চাষ করে। বীজ কেনবার সময় নকলের থেকে বাঁচবার জন্য অবশ্যই প্যাকেটের পিছনে নীল রংয়ের সরকারী স্টিকার দেখে কিনতে হবে। ইতিমধ্যেই বাড়তি লাভের মুখ দেখেছেন বিভিন্ন গ্রামের চাষিরা। অনেকের সংসারে স্বাচ্ছন্দ্য এসেছে। তাই ভবিষ্যতেও তাঁরা এই বীজই চাষ করতে চান।

মালদহের, কালিতলা, ভুতনি, মাণিকচকে রাজা পাট নিয়ে ২২শে মার্চ গান গাইলেন স্বনামধন্য উত্তম বাউল। তাঁর গান শুনে খুশি সেখানকার মানুষ। যাঁরা এখনও এই বীজে চাষ শুরু করেনি, এই গান এবং আলোচনা শুনে তাঁরাও রাজা পাট চাষে উৎসাহ পাচ্ছেন। রাজা বীজ পাট চাষে এক নতুন দীগন্ত খুলে দিয়েছে।

(২ পাতার পর)

# ফের জঙ্গল থেকে উদ্ধার অজ্ঞাত পরিচয় মহিলার পচাগলা দেহ

শনিবার সকালে জঙ্গলে পাতা কুড়াতে গিয়ে ওই মহিলার পচা গলা মৃতদেহ দেখতে পায়। চাঞ্চল্যকর ঘটনা দেখেই আতঙ্কিত মানুষজন গোপীবল্লভপুর থানার পুলিশ প্রশাসনকে খবর দেয়। খবর পেয়েই গোপীবল্লভপুর থানার আই.সি কার্তিক চন্দ্র রায়ের নেতৃত্বে পুলিশ বাহিনী ঘটনাস্থল থেকে মৃতদেহ উদ্ধার করে। ইতিমধ্যে মৃতদেহ চিহ্নিত করতে পুরো ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। মৃতদেহ উদ্ধার কে কেন্দ্র করে রীতিমতো এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। কোথা থেকে এলো এই মৃতদেহ তা নিয়ে উঠছে নানা প্রশ্ন? জঙ্গলে গিয়ে মৃত্যু হয়েছে নাকি খুন করে জঙ্গলে ফেলে দেওয়া হয়েছে তা নিয়ে শুরু হয়েছে জল্পনা।

# সিনেমার খবর

## ইউটিউব দেখে স্বর্ণ পাচারের কৌশল শিখেছেন, দাবি কন্নড় অভিনেত্রীর

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



পুলিশের জিজ্ঞাসাবাদে নিজের দেওয়া বয়ান আবারও বদলালেন স্বর্ণ পাচার মামলায় গ্রেফতার কন্নড় অভিনেত্রী রান্যা রাও। এর আগে তিনি দাবি করেছিলেন, অতীতেও দু'বার একইভাবে দুবাই থেকে স্বর্ণ এনেছিলেন।

ভারতীয় সংবাদমাধ্যম আনন্দবাজারের এক প্রতিবেদনে বলা হয়েছে, এবার অভিনেত্রী গোয়েন্দাদের জানিয়েছেন, ৩ মার্চই প্রথম বার স্বর্ণ পাচার করার চেষ্টা করেন। শুধু তা-ই নয়, স্বর্ণ পাচারের কৌশল তিনি কীভাবে শিখেছেন, তা-ও গোয়েন্দাদের জানিয়েছেন।

গত ৩ মার্চ বেঙ্গালুরুর কেম্পেগৌড়া আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ১২ কোটি টাকার স্বর্ণসহ গ্রেফতার হন রান্যা। তার গ্রেফতারির পর থেকেই উঠছে নানা প্রশ্ন! এই স্বর্ণ পাচারচক্রের সঙ্গে আর কারা কারা যুক্ত, তাদের সঙ্গে অভিনেত্রীর যোগাযোগ কীভাবে। এসব প্রশ্নের উত্তরের খোঁজ করছেন গোয়েন্দারা।

বর্তমানে আদালতের নির্দেশে ডিআরআই হেফাজতে রয়েছেন রান্যা। সেখানেই গোয়েন্দারা তাকে দফায় দফায় জিজ্ঞাসাবাদ করছেন। তদন্তকারীদের অভিনেত্রী বলেন, 'গত ১ মার্চ আমি একটি বিদেশি নম্বর থেকে ফোন পাই। সপ্তাহ দুই ধরে অজানা নম্বর থেকে ফোন আসছিল। আমাকে দুবাই বিমানবন্দরের তিন নম্বর টার্মিনাল গেটে যেতে বলা হয়েছিল। সেখান থেকে স্বর্ণ সংগ্রহ করে বেঙ্গালুরুতে পৌঁছে দেওয়ার নির্দেশ ছিল।'

তার কথায়, 'এই প্রথমবার আমি দুবাই থেকে স্বর্ণ পাচার করেছিলাম।' কীভাবে স্বর্ণ পাচার করবেন, ইউটিউবের ভিডিও দেখে সেটা শিখেছেন বলে গোয়েন্দাদের কাছে দাবি করেছেন রান্যা।

অভিনেত্রীর কথায়, 'স্বর্ণবারগুলো দু'টি প্লাস্টিকের ব্যাগে মোড়া ছিল। সেই স্বর্ণ নিয়ে বিমানবন্দরের বাথরুমে ঢুকে নিজের শরীরের সঙ্গে বেঁধে নিই। এমনকি জুতোর মধ্যেও স্বর্ণবার লুকিয়ে ফেলি।'

কে ফোন করে স্বর্ণ পাচারের নির্দেশ দিয়েছিলেন, তা জানেন না বলেই পুলিশকে জানিয়েছেন রান্যা। তার দাবি, 'আমি পুরোপুরি নিশ্চিত নই কে আমাকে ফোন করেছিলেন।'

তবে অভিনেত্রী জানালেন, যিনি বিমানবন্দরে স্বর্ণ দিয়ে গিয়েছিলেন তাকে, তার উচ্চতা ৬ ফুটের কাছাকাছি। অতীতে এই ব্যক্তিকে কোনওদিন দেখেননি বলেই দাবি রান্যার।

## রাশমিকাকে দেখেই আবেগাপ্লুত সালমান!



রাশমিকা মান্দানা ও সালমান খান

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

সালমান খানের নতুন সিনেমা 'সিকান্দার' নিয়ে পারদ বেড়েই চলেছে। ইতোমধ্যেই ছবির একঝলক ও গান সাড়া ফেলেছে। চর্চা শুরু হয়েছে সালমান খান ও রাশমিকা মন্দানার রসায়ন নিয়েও।

সম্প্রতি মুক্তি পেয়েছে ছবির আরও একটি গান 'বাম বাম ভোলে'। এই গানের দৃশ্যে একেবারে নতুন রূপে দেখা গেছে রাশমিকাকে।

সাদা সালোয়ার-কামিজের সঙ্গে সাদা ওড়নায় রাশমিকা। কপালে ছোট্ট টিপ। খোলা চুল। এভাবেই দোলের রঙ খেলার দৃশ্যে দেখা গেছে অভিনেত্রীকে। অন্যদিকে সালমানের পরনে লাল রঙের শার্ট ও ডেনিম প্যান্ট। এই দৃশ্য দেখে নাকি অনেকেরই মনে পড়ে গেছে সাবেক বিশ্বসুন্দরী ঐশ্বরিয়া রাইয়ের কথা। কারণ শাহরুখের 'মহাব্বাতেন' সিনেমায় শাহরুখের মৃত প্রেমিকার চরিত্রে অভিনয় করেছিলেন ঐশ্বরিয়া।

এ সিনেমায় নাকি রাশমিকার চরিত্র তেমন গুরুত্বপূর্ণ নয়। সালমানের চরিত্রকে কেন্দ্র করেই পুরো ছবি তৈরি। 'বাম বাম ভোলে' গানের দৃশ্য দেখে সালমানের অনুরাগীদের ধারণা— এই সিনেমায় সালমানের মৃত প্রেমিকার চরিত্রে দেখা যাবে অভিনেত্রীকে। অথবা সিনেমার মাঝপথেই মৃত্যু হবে তার চরিত্রের। তাই সাদা পোশাকে হঠাৎ আবির্ভাব হয় রাশমিকার। সালমানের চোখ পানিতে ভরে ওঠে।

'মহাব্বাতেন' সিনেমায় শাহরুখের মৃত প্রেমিকার চরিত্রে অভিনয় করেছিলেন ঐশ্বরিয়া রাই বচ্চন। সেখানেও দোলের গানের দৃশ্যে হঠাৎ আবির্ভাব হয়েছিল তার। শাহরুখের কল্পনাতেই অভিনেত্রীকে দেখা যেত। সেই মিলই খুঁজে পেয়েছেন অনুরাগীরা।

এক অনুরাগী সামাজিক মাধ্যমে লিখেছেন, সাদা পোশাকে নায়িকা আসছেন এবং নায়ককে ছুঁয়ে যাচ্ছেন। অবশ্যই মৃত প্রেমিকার চরিত্রেই অভিনয় করেছেন রাশমিকা। ঠিক ঐশ্বরিয়া যেমন 'মহাব্বাতেন' ছবিতে ছিলেন।

## আমিরের সঙ্গে 'শত্রুতা' রণবীরের!

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



আমির খান ও রণবীর কাপুর

আমির খানের 'পিকে' সিনেমায় ক্যামিয়ো চরিত্রে দেখা গিয়েছিল রণবীর কাপুরকে। তবে এবার দুই তারকার অনুরাগীদের জন্য সুখবর। একসঙ্গে জুটি বাঁধছেন বলিউডের দুই সুপারস্টার। অন্তত মঙ্গলবার পর্যন্ত সে রকমই ইঙ্গিত দিয়েছেন রণবীর-ঘরনি আলিয়া ভাট। তারপরেই সামাজিক মাধ্যমে শুরু হয়েছে চর্চা।

মঙ্গলবার ইনস্টাগ্রামে একটি ভিডিও পোস্ট করেন আলিয়া। সেখানে দেখা যাচ্ছে, অভিনেত্রীর হাতে একটি পোস্টার।

ভিডিওতে অভিনেত্রী বলেন, 'আমি এটা দীর্ঘদিন ধরে আপনাদের দেখানোর অপেক্ষায় ছিলাম। আমার দুই প্রিয় অভিনেতাকে একসঙ্গে দেখা যাবে, তা-ও একে অপরের বিরুদ্ধে।'

এরপরেই পোস্টারে আমির এবং রণবীরের ছবি দেখান আলিয়া। সেখানে দুই অভিনেতার নামের আদ্যক্ষর ব্যবহার করে লেখা, 'একে ভার্সেস আরকে'। সঙ্গে লেখা, 'বছরের সবচেয়ে বড় শত্রুতা।'

এই ভিডিও থেকেই বোঝা যাচ্ছে, ছবিটি পরিচালনা করবেন 'দঙ্গল' খ্যাত পরিচালক নিতেশ তিওয়ারি।

অনুরাগীদের কাছে স্পষ্ট, তাহলে আমির এবং রণবীর একসঙ্গে নতুন কোনো ছবিতে জুটি বাঁধছেন। যদিও আলিয়া নতুন কাজটি নিয়ে এখনই বিশদে কিছু বলতে নারাজ।

তবে সূত্রের দাবি, সম্ভবত কোনও নতুন বিজ্ঞাপনী ছবিতে একসঙ্গে কাজ করতে পারেন আমির এবং রণবীর। দুই অভিনেতাই সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করেন না। তাই আলিয়াই তাদের হয়ে প্রচারণাটা চালালেন।

আমির এবং রণবীর শেষ পর্যন্ত দর্শকের সামনে কীভাবে হাজির হন, তা জানার অপেক্ষায় অনুরাগীরা।

এই মুহূর্তে আমির তার প্রযোজিত এবং অভিনীত 'সিতারে জামিন পর' ছবিটির মুক্তি নিয়ে ব্যস্ত। অন্যদিকে, সঞ্জয় লীলা বাসনালি পরিচালিত 'লাভ অ্যান্ড ওয়ার' ছবিটির প্রস্তুতি শুরু করেছেন রণবীর।

# মিডল অর্ডার অপরিণত! হার দিয়ে অভিযান শুরু ডিফেন্ডিং চ্যাম্পিয়ন কেকেআরের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



জমজমাট উদ্বোধনী অনুষ্ঠান। মঞ্চে বিরাট-রিঙ্কু সিংয়ের নাচ কিং খানের সঙ্গে। এরপর ম্যাচ। বিনোদন ভরপুর ইডেন গার্ডেন্সে। ক্রিকেট প্রেমীদের জন্য দুর্দান্ত ম্যাচ হলেও কেকেআর সমর্থকদের জন্য নয়। ডিফেন্ডিং চ্যাম্পিয়ন কলকাতা নাইট রাইডার্স। ঘরের মাঠে নতুন সংস্করণের উদ্বোধনী ম্যাচ। নতুন ক্যাপ্টেন। শুরুটাও যথেষ্ট ভালো। কিন্তু খেই হারালো মিডল অর্ডারে। আর তাতেই ছন্দপতন। বোর্ডে মাত্র ১৭৪ রানের পুঁজি। ইডেনের পরিসংখ্যান তার পক্ষে ছিল না। এই ম্যাচেও তাই হল। হোমে হার দিয়ে অভিযান শুরু কলকাতা নাইট রাইডার্সের।


ইডেনের পরিসংখ্যান বলছে, ২০২৩ থেকে আইপিএলে ইডেনে রান তাড়া করা দলই জিতেছে একডজন। মাত্র ২টি ম্যাচ জিতেছিল প্রথমে ব্যাট করা দল। আইপিএলে ক্যাপ্টেন্সির অভিষেক ম্যাচে নেমেছিলেন রজত পাতিদার ও অজিঙ্ক রাহানে। টস জিতে রান তাড়ারই সিদ্ধান্ত নেন আরসিবি ক্যাপ্টেন। তাঁর টিমে চেজমাস্টার রয়েছেন। ফলে ভরসাও বেশি।

গত কয়েক দিন থেকেই আলোচনা চলছিল, রাহানে ক্যাপ্টেন হিসেবে ভালো, কিন্তু ব্যাটিংয়ে ভরসা দিতে পারবেন? প্রথম ম্যাচে ব্যাট হাতে নজর কাড়লেন। মনে করা হয়েছিল, তিনি ইনিংস অ্যাঙ্কর করবেন। শুরুতেই কুইন্টন ডি'ককের উইকেট হারিয়ে চাপে পড়ে কেকেআর। এরপরই রাহানের প্রবেশ। তবে অ্যাঙ্কর নয়, বিধ্বংসী ব্যাটিং। সুনীল নারিনের সঙ্গে সেঞ্চুরি পার্টনারশিপও গড়েন। পরপর নারিন-রাহানের উইকেট হারাতেই চাপ বাড়ে। মিডল ও লোয়ার অর্ডার ভরসা দিতে পারেননি।

আরসিবির বাঁ হাতি স্পিন বোলিং অলরাউন্ডার ক্রুনাল পান্ডিয়া ৪ ওভারে মাত্র ২৯ রান দিয়ে ৩ উইকেট নেন। তাঁর স্পেলটাই পার্থক্য হয়ে দাঁড়ায়। অজিঙ্ক রাহানে ৩১ বলে ৫৬ রান করেন। নারিনের অবদান ২৬ বলে ৪৪। মিডল অর্ডারে তরুণ ব্যাটার রঘুবংশী ২২ বলে ৩০ রান করেন।

বোর্ডে ১৭৫ রানের টার্গেট এই আরসিবির কাছে অন্তত বড় নয়। আগের বারের তুলনায় তাদের মিডল অর্ডার অনেক বেশি শক্তিশালী হয়েছে। সে কারণেই আরও কাজটা সহজ হয়েছে। কিন্তু ফিল সল্ট ও বিরাট কোহলির ওপেনিং পার্টনারশিপেই ওঠে ৯৫ রান। জুটি ভাঙে নবম ওভারে। কেকেআর প্রাক্তনী ফিল সল্ট ৩১ বলে ৫৬ রানে ফেরেন। বিরাট একদিকে বিধ্বংসী ব্যাটিং চালিয়ে যান। রজত পাতিদার ১৬ বলে ৩৪ ও লিভিংস্টোন ৫ বলে ১৫ রানের ক্যামিও খেলেন। বিরাট অপরাজিত ৫৯ রানে।

# বায়ার্নের সাথে চুক্তি বাড়াতে যাচ্ছেন কিমিচ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

আগামী কয়েকদিনের মধ্যে বায়ার্ন মিউনিখের সাথে চুক্তি বাড়ানোর ইঙ্গিত দিয়েছেন মিডফিল্ডার জসুয়া কিমিচ। তার দুর্দান্ত পারফরমেন্সে মঙ্গলবার বায়ার লেভারকুসেনকে পরাজিত করে চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালে উঠেছে বেভারিয়ান্সরা।

৩০ বছর বয়সী কিমিচের সাথে বায়ার্নের বর্তমান চুক্তির মেয়াদ চলতি মৌসুমের পরেই শেষ হয়ে যাবে। বায়ার্নের হয়ে এটি তার ক্যারিয়ারের ১০ম মৌসুম। বায়ার্নের স্পোর্টিং ডিরেক্টর ম্যাক্স এবার্ল বলেছেন, 'বল এখন কিমিচের কোর্টে'। চুক্তি বাড়ানোর বিষয়টি এখন সম্পূর্ণভাবেই তার উপর নির্ভর করছে।

জার্মান অধিনায়ক গণমাধ্যমে বলেছেন, 'নতুন চুক্তি বিষয়টি অবশ্যই আগামী কয়েকদিনের মধ্যে সামনে আসবে।'

এর আগে ফেব্রুয়ারিতে অধিনায়ক ম্যানুয়েল নয়্যার, মিডফিল্ডার জামাল মুসিয়ালা ও ডিফেন্ডার আলফোনসো ডেভিস বায়ার্নের সাথে চুক্তি নবায়ন করেছেন।

২০১৫ সালে আরবি লিপজিগ থেকে বায়ার্নে এসেছিলেন কিমিচ। এ পর্যন্ত সব ধরনের প্রতিযোগিতায় বায়ার্নের জার্সিতে খেলেছেন ৪২৯টি ম্যাচ। আটটি বুন্দেসলিগ শিরোপা ছাড়াও ২০২০ সালে জিতেছেন চ্যাম্পিয়ন্স লিগ।

জার্মান জাতীয় দলের হয়ে ৯৭ ম্যাচ খেলে ৭ গোল করেছেন। বুন্দেসলিগায় এবারের মৌসুমে এই মুহূর্তে টেবিলের দ্বিতীয় স্থানে থাকা লেভারকুসেনের থেকে আট পয়েন্ট এগিয়ে রয়েছে বায়ার্ন। চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনালে তাদের প্রতিপক্ষ ইন্টার মিলান।

# নিউজিল্যান্ডের শিরোপা জয় কেবল সময়ের ব্যাপার : পন্টিং

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



চ্যাম্পিয়ন্স ট্রফিতে শেষ পর্যন্ত শিরোপা জিততে না পারলেও নিজেদের পারফরম্যান্সে নিউজিল্যান্ড গর্বিত হতে পারে বলে মনে করেন রিকি পন্টিং। অস্ট্রেলিয়ার সাবেক এই অধিনায়কের বিশ্বাস, আইসিসি ইভেন্টে শিরোপা জয়ের কাছেই আছে ব্ল্যাক ক্যাপসরা।

ফাইনালের পর আইসিসি রিভিউয়ের সবশেষ সংস্করণে ক্রিস্টাল আর্নল্ডের সঙ্গে আলাপচারিতায় নিউজিল্যান্ডের খেলার প্রশংসা করেন পন্টিং। তিনি বলেন, 'আমি মনে করি না এই আসরে নিউজিল্যান্ডের অভিযান কোনোভাবে খারাপ কেটেছে। তারা আরেকটা দুর্দান্ত টুর্নামেন্ট কাটিয়েছে। শুরু থেকে শেষ পর্যন্ত অসাধারণ ছিল।'

টুর্নামেন্টের শুরুতে অবশ্য নিউজিল্যান্ডের ততটা সম্ভাবনা দেখেননি পন্টিং। সে প্রসঙ্গে তিনি বলেন, 'টুর্নামেন্টের শুরুতে আমাকে জিজ্ঞেস করা হয়েছিল, কোন চার দল শেষ চারে থাকবে বলে আমি মনে করি। আমি তখন নিউজিল্যান্ডকে সেমিফাইনালে যাওয়ার ব্যাপারে আশাবাদী ছিলাম না। কারণ ভেবেছিলাম ঘরের মাঠে খেলা হওয়ায় পাকিস্তান সেমি-ফাইনালে উঠবে।'

নিউজিল্যান্ডের ফাইনাল ম্যাচ প্রসঙ্গে পন্টিং বলেন, খুব ভালো একটি দলের বিপক্ষে তারা ফাইনালে খেলেছে। আর তারা খুব পিছিয়েও ছিল না। ভারত ৪৯ বা ৫০তম ওভারে ম্যাচ জিতেছে। নিউজিল্যান্ড খুব বেশি ভুল করেনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR